

■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৭৪৪

৪৫/ ফ্যীলত (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ৩. নবী (ﷺ) এর মু'জিয়া প্রসঙ্গে

باب فِي مُعْجِزَاتِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّتَنِي أَبُو غَسَّانَ الْمِسْمَعِيُّ، حَدَّتَنَا مُعَاذُ، _ يَعْنِي ابْنَ هِشَامٍ _ حَدَّتَنِي أَبِي، عَنْ قَتَادَةَ، حَدَّتَنَا أَنسُ بْنُ مَالِك، أَنَّ نَبِيَّ اللَّهِ صلى الله عليه وسلم وَأَصْحَابَهُ بِالزَّوْرَاءِ _ قَالَ وَالزَّوْرَاءُ بِالْمَدِينَةِ عِنْدَ السُّوقِ وَالْمَسْجِدِ فِيمَا ثَمَّهُ _ دَعَا بِقَدَحٍ فِيهِ مَاءٌ فَوَضَعَ كَفَّهُ فِيهِ وَالزَّوْرَاءُ بِالْمَدِينَةِ عِنْدَ السُّوقِ وَالْمَسْجِدِ فِيمَا ثَمَّهُ _ دَعَا بِقَدَحٍ فِيهِ مَاءٌ فَوَضَعَ كَفَّهُ فِيهِ فَجَعَلَ يَنْبُعُ مِنْ بَيْنِ أَصَابِعِهِ فَتَوَضَّا جَمِيعُ أَصِحَابِهِ . قَالَ قُلْتُ كُمْ كَانُوا يَا أَبَا حَمْزَةَ قَالَ كَانُوا زُهَاءَ التَّلاَثِمِائَةِ .

বাংলা

৫৭৪৪। আবূ গাসসান মিসমাঈ (রহঃ) ... আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তার সাহাবীগণ 'যাওরা' নামক স্থানে ছিলেন। রাবী বলেন, 'যাওরা' হল মদিনার বাজার এবং মসজিদের সেখানকার নিকটে। তখন তিনি একটি পেয়ালা আনতে বললেন, যাতে সামান্য পানি ছিল। তিনি তাঁর (হাতের) পাঞ্জা তাতে রাখলেন। তখন তাঁর অংগুলিসমূহের মাঝ থেকে (পানি) উথলে বের হতে লাগল আর তাঁর সাহাবীগণ সকলেই উযু করলেন। রাবী [কাতাদা (রহঃ)] বলেন, আমি জিজ্ঞাসা করলাম, হে আবূ হামযা (রাঃ) তাঁরা কতজন ছিলেন? বললেন, তাঁরা ছিলেন তিনশ' জনের মত।

English

Anas b. Malik reported that Allah's Apostle (ﷺ) and his Companions were at a place known as az-Zaura' (az-Zaurd' is a place in the bazar of Medina near the mosque) that he called for a vessel containing water. He put his hand in that. And there began to spout (water) between his fingers and all the Companions performed ablution. Qatada, one of the narrators in the chain of narrators, said:

Abu Hamza (the kunya of Hadrat Anas b. Malik), how many people were



they? He said: They were about three hundred.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন